

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তর জেলা কার্যালয়ের তদারকির মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার)
২০২৪-২০২৫ অর্থ বছরের ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ ও সময় : ২৯/০৪/২০২৫ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান : যুব ভবনের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক জানুয়ারি-মার্চ/২০২৪ খ্রি. মাসের হালনাগাদকরণ সভায় সিটিজেন চার্টার বিষয়ে ফোকাল পয়েন্ট জনাব মোঃ গজনবী খান সহকারী পরিচালক (প্রশাসন) কে সভার বিস্তারিত বিষয়ে আলোচনা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক ৬৪ জেলার উপপরিচালক এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রের কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটরগণের উদ্দেশ্যে যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৪-২০২৫ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি বলেন যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিশ্রুত সেবাসমূহ যথাক্রমে (ক) নাগরিক সেবা (খ) দাপ্তরিক সেবা ও (গ) অভ্যন্তরীণ সেবা। উল্লিখিত সেবাসমূহ কার্যালয় ভিত্তিক ভিন্নতর হতে পারে। যেহেতু সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এপিএ এর একটি আবশ্যিক বিষয় সেহেতু এ বিষয়টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং এ সংক্রান্ত জেলা/উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুসরণ করতে হবে যা মন্ত্রি পরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা আছে। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ২.০ আলোচনা: জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়।
- ২.১ সিদ্ধান্ত: জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ২.২ বাস্তবায়নে: জেলা কার্যালয়ের উপপরিচালক ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের কো-অর্ডিনেটর / ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৩.০ আলোচনা: ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন উপজেলা অফিস সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।
- ৩.১ সিদ্ধান্ত: ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন উপজেলা অফিস সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ পূর্বক ওয়েবসাইটে সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩.২ বাস্তবায়নে: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৪.০ আলোচনা: নিজ অফিসের কর্মকর্তা/ কর্মচারী ও আওতাধীন অফিসের কর্মকর্তা/ কর্মচারী/

স্টেকহোল্ডারগণের সম্বন্ধে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রশিক্ষণ / সেমিনার / কর্মশালা /

অবহিতকরণ সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়:

৪.১ সিদ্ধান্ত: উল্লিখিত কার্যক্রমের মধ্যে যে কোনো একটি কাজ আয়োজন করতে হবে।


৪.২ বাস্তবায়নে: জেলা / উপজেলা কার্যালয়ের প্রধান, যুব উন্নয়ন অধিদপ্তর।

৫.১ আলোচনা: পরবর্তী সভায় দৈবচয়ন (Random Sympling) এর মাধ্যমে যে কোনো জেলা, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও উপজেলার (সিটিজেন চার্টার) সভায় তদারকির মাধ্যমে উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়।

৫.২ সিদ্ধান্ত: পরবর্তী সভায় সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.৩ বাস্তবায়নে: ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি, মহাপরিচালকের কার্যালয়।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)

মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ২২৩৩৮৯৩৮৯


E-mail: dg@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.৪৪.০১৩.২২-১০৮৯

তারিখ: ২৭ বৈশাখ ১৪৩২
৩০ এপ্রিল ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক / প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর..... (সকল), জেলা।
- ৪। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর..... (সকল) যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৫। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।


(মোঃ গজনবী খান)

সহকারী পরিচালক (প্রশাসন)

যুব উন্নয়ন অধিদপ্তর

ফোনঃ ২২৩৩৮৭৭৭৩